# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৬. মাথার কতটুকু পরিমাণ মাসেহ করা ফরয?

বেশি সংখ্যাক ফকিহ বলেছেন পুরো মাথা মাসেহ করা ফরয। আব্দুল্লাহ ইবন যায়েদ (রা) বলেন, “নবী (স) তার দুই হাত দিয়ে তার মাথা মাসেহ করলেন। তার হাত দুটি মাথার সামনে ও পেছনে নিলেন (এমনভাবে যে) মাথার সম্মুখভাগ থেকে শুরু করে তার দুই হাত দিয়ে পেছনের চুলের শেষ প্রান্ত পর্যন্ত মাসেহ করলেন। তারপর আবার পেছন থেকে মাসেহ আরম্ভ করে সামনের দিকে হাত দুটো টেনে আনলেন ঐ পর্যন্ত, যেখান থেকে শুরু করেছিলেন। অতঃপর তার দুই পা ধৌত করলেন।” (বুখারী: ১৮৫, মুসলিম: ২৩৫) এ হাদীসের আলোকে অধিকাংশ ফকীহ বলেছেন যে, চার ভাগের এক ভাগ নয়, বরং পূর্ণ মাথা মাসেহ করা ফরয।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন